



USAID
আমেরিকার জনগণের পক্ষ থেকে

* Made possible through the generous support of the American people *

মানব পাচার প্রতিরোধে কাজ করি একসাথে



WINROCK
INTERNATIONAL

দেশ:
বাংলাদেশের ৩২ জেলা

প্রকল্প সময়সীমা
২০০৮-২০১২

প্রোগ্রাম ডিভিশন:
নাগরিক সম্পৃক্ততা ও ক্ষমতায়ন

মানব পাচার প্রতিরোধ কর্মসূচী

মানব পাচার মানবাধিকারের চরম লঙ্ঘন। পাচার দুর্নীতির বিস্তার ঘটায়। জীবন ক্ষতিগ্রস্ত করে। দেশের অর্থনৈতিক ভারসাম্যতা বিপন্ন করে। মানব পাচার এর অনেকগুলো ধরন ও দিক রয়েছে। নারী, পুরুষ ও শিশুদেরকে দাসত্ব, অপব্যবহারমূলক শ্রম, পর্ণোগ্রাফি, উটের জকি, চোরচালান, ঝুঁকিপূর্ণ কাজ, যৌন সঙ্গি অথবা যৌন পণ্য হিসেবে অবৈধভাবে বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার করার লক্ষ্যে পাচার করা হয়ে থাকে।

ইউএসএআইডি'র সহায়তায় ও উইনরক ইন্টারন্যাশনাল পরিচালিত চার বছরের "মানব পাচার প্রতিরোধ কর্মসূচী" স্থানীয় ও জাতীয় পর্যায়ের সরকারি প্রতিনিধি, বেসরকারি সংগঠন, নাগরিক সংগঠন এবং স্থানীয় নেতাদের নিয়ে কাজ করেছে যাতে সত্যিকার অর্থে মানব পাচার প্রতিরোধ, ভিকটিমদের নিরাপত্তা প্রদান ও অপরাধীদের যথাযথ শাস্তি নিশ্চিত হয়। এই প্রকল্পের আওতায় পাচারকৃত ভিকটিমদের নিরাপত্তা বিধান এবং আইন সহায়তাসহ সমাজের সকল স্তরের মানুষকে সম্পৃক্ত করা হয়েছে।



ফটো © উইনরক ইন্টারন্যাশনাল

কর্মসূচীর আওতায় যে কাজগুলো করা হচ্ছে সেগুলো হলো:

- পাচারকৃত ও ঝুঁকিপূর্ণ ভিকটিমের ক্ষমতায়ন
- ঝুঁকিপূর্ণ অভিবাসীদের জন্য বিকল্প জীবিকা সংস্থানে সহায়তা করা
- অপরাধের হার কমাতে ও প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণে জনসচেতনতা ও অংশগ্রহণ বৃদ্ধি
- পাচারকারীদের সনাক্ত ও মামলা পরিচালনার ক্ষেত্রে সরকারী সংস্থাগুলোর দক্ষতা বৃদ্ধি করা
- সামাজিক এবং জেডার বৈষম্য দূর করে মৌলিক মানবাধিকার সংরক্ষণ ও পাচারকৃতদের সহায়তা প্রদান

প্রতিরোধ: প্রতিরোধ ব্যবস্থার আওতায় বেসরকারি সংস্থাগুলোর সাথে গ্রাম ও শহর এলাকায় জনসচেতনতা বৃদ্ধি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। শিক্ষক, ছাত্র ও স্থানীয় মানুষেরা যাতে উন্নয়ন কর্মী হিসেবে সমতা ও মানবাধিকার, নিরাপদ অভিবাসন ও চাকুরীর ব্যবস্থা এবং ভিকটিমদের পূর্ণবাসন ও সেবা বিষয়ে পদক্ষেপ নিতে পারে, এ প্রকল্প সে লক্ষ্যে কাজ করছে।



ফটো © উইনরক ইন্টারন্যাশনাল

প্রকল্পের জনসচেতনতা কার্যক্রমের আওতায়, পাচারকৃত নারী ও শিশু যারা যৌন নির্যাতনের শিকার হয়েছে, শুধু তারাই নয়, শ্রম অভিবাসী হিসাবে যাতে কোন নারী ও পুরুষ পাচারের শিকার না হন, সে বিষয়েও কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

প্রতিকার: এ প্রকল্প পাচারকৃতদের নিরাপত্তা বিধানের প্রায় পাঁচশো ভিকটিমকে প্রতি বছর সেবা ও বিভিন্ন সহায়তা প্রদান করতে যাচ্ছে।

কাজ গুলো হলো:

- আশ্রয়কেন্দ্র ও স্থানীয় ভিকটিমদের চিহ্নিত করা
- ভিকটিমের প্রাপ্য সেবাগুলো চিহ্নিত ও তা নিশ্চিত করা
- ভিকটিমের দক্ষতা বৃদ্ধি ও জীবিকার জন্য বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম প্রণয়ন
- ভিকটিমের টেকসই পুনর্বাসনের সুযোগ সৃষ্টি যাতে কাউকে পুনরায় পাচারের ঝুঁকিতে পড়তে না হয়।

মামলা পরিচালনা: মামলা পরিচালনার জন্য উন্নয়ন কর্মী ও গণমাধ্যমকে অন্তর্ভুক্ত, এডভোকেসির জন্য সরকারি কর্মকর্তা ও আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীকে প্রশিক্ষণ প্রদান, সরকারি কাজের অসংগতি দূর করা, মামলা পরিচালনার প্রক্রিয়ার উন্নয়ন এবং শ্রমিক অভিবাসনের জন্য নিয়োগকারী প্রতিষ্ঠানগুলোকে পর্যবেক্ষণ করার লক্ষ্যে সরকারি সংস্থাগুলোর দক্ষতা বৃদ্ধিতে প্রকল্পটি দেশের শীর্ষ স্থানীয় পাচার প্রতিরোধ ও অভিবাসী শ্রমিকের অধিকার রক্ষায় নিয়োজিত সংস্থাগুলোর সাথে কাজ করছে।

প্রকল্পটির কাজ গুলো হলো:

- প্রচলিত আইনের প্রয়োগ, নীতি এবং এর চর্চার বিভিন্ন প্রক্রিয়াকে উন্নত করা
- জাতীয় ও স্থানীয় পর্যায়ে মানব পাচার বন্ধে নীতি নির্ধারকদের সাথে সংলাপ এবং আইন সংস্কারের প্রক্রিয়াকে ত্বরান্বিত করা
- মামলা পরিচালনার জন্য আইনজীবী ও আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীর দক্ষতা বৃদ্ধি করা
- শ্রম অভিবাসনের অপব্যবহার বন্ধের জন্য আইনী কাঠামো আরো শক্তিশালী করার প্রক্রিয়া গঠন

প্রকল্পটি সরকারি ও বেসরকারি সংস্থা, সুশীল সমাজের নেতৃবৃন্দ এবং সকল স্তরের সাধারণ মানুষের সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে বাংলাদেশে মানব পাচার প্রতিরোধে কার্যক্রম পরিচালনা করবে।



উইনরক হেডকোয়ার্টার:

Winrock International
2101 Riverfront Drive
Little Rock, Arkansas 72202-1748
United States of America
Telephone: 1-501-280-3000
Fax: 1-501-280-3090
Web: www.winrock.org

উইনরক বাংলাদেশ:

বাড়ি: ২, রোড: ২৩/এ
গুলশান-১, ঢাকা-১২১২
বাংলাদেশ
টেলিফোন: ৮৮১-৪৫৯৮, ৮৮১-৫৯৭২,
৮৮১-৯৫৮৭
ফ্যাক্স: ৮৮০-২-৮৮২-৬৫৫৬
ইমেইল: act@winrockbd.org



USAID
FROM THE AMERICAN PEOPLE
www.usaid.gov



WINROCK
INTERNATIONAL
www.winrock.org